

# মুগ্ধাত্ম্য

মিরপুর গার্লস আইডিয়াল কলেজ

## উচ্চশিক্ষায় সাফল্যের ধারা অব্যাহত

প্রকাশ : ২৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 মিরপুর প্রতিনিধি

মিরপুর ১০ নম্বরে অবস্থিত গার্লস আইডিয়াল কলেজ উচ্চশিক্ষায় সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। ২০১৬ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের র্যাঙ্কিংয়ে অভাবনীয় সাফল্য অর্জন করে ঢাকা শহরের নামিদামি শিক্ষাপ্রতিষ্ঠানকে পেছনে ফেলে এ প্রতিষ্ঠানটি। ২০১৯ সালের ইইচএসসি পরীক্ষার ফলাফলেও রয়েছে সুর্যীয় সাফল্য। বাংলাদেশে নারীশিক্ষা প্রসারের মহত্ব লক্ষ্য সামনে রেখে ১৯৭৮ সালের ১ জানুয়ারি শুরু হয় প্রতিষ্ঠানটির পথচলা। এ বছর প্রতিষ্ঠানটির স্কুল ও কলেজ শাখায় আলাদা কার্যক্রম শুরু হয়েছে। কলেজ শাখার নামকরণ করা হয় মিরপুর গার্লস আইডিয়াল কলেজ। জাতি গঠনে প্রতিষ্ঠানটি ৪০ বছর ধরে অবদান রেখে যাচ্ছে। এ কারণে ঢাকা শিক্ষাবোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে সাড়া জাগানো শিক্ষাজনে পরিণত হয়েছে। ইতিমধ্যে ২০০১ ও ২০০২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় শ্রেষ্ঠ কলেজ হিসেবে স্বীকৃতি দিয়েছে এ প্রতিষ্ঠানটিকে। শুধু শ্রেণিশিক্ষা ও সহশিক্ষা কার্যক্রমের মধ্যেই সীমাবদ্ধ নয়, আদর্শ নারী গঠন করে জাতীয় জীবনেও অবদান রেখে চলছে প্রতিষ্ঠানটি। আর এসব কৃতিত্বের মূলে রয়েছেন শিক্ষক, পরিচালনা পরিষদের সভাপতি স্থানীয় সংসদ সদস্য ইলিয়াস উদ্দিন মোল্লা ও অধ্যক্ষ (ভারপ্রাণ) নাসরিন নাহার। সঙ্গে রয়েছে প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকদের প্রচেষ্টা এবং এলাকাবাসীর সহযোগিতা।

বর্তমানে এখানে প্রথম শ্রেণি থেকে অনার্স পর্যন্ত বাংলা ও ইংরেজি মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০০ জন শিক্ষক এখানে কর্মরত। প্রভাতী ও দিবা দুই শিফটে ক্লাস পরিচালিত হয়। এতে বাংলা মাধ্যমে ৩০০০ জন, ইংরেজি মাধ্যমে ৪০০ জন ও বিশ্ববিদ্যালয় কলেজে ৪০০০ জন শিক্ষার্থী রয়েছে। এ প্রতিষ্ঠানে ছয়টি অত্যাধুনিক ভবন রয়েছে, শিক্ষার মনোনয়নে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ, ডিজিটাল কম্পিউটার ল্যাব, ইন্টারনেট কানেকশন, সর্বাধুনিক বিজ্ঞানগার ও সিসি ক্যামেরা সবই স্থাপন করা হয়েছে। এ প্রতিষ্ঠানে প্রশাস্ত ও মনোরম সবুজ ক্যাম্পাসে একটি বড় খেলার মাঠ, শহীদ মিনার ও শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম রয়েছে। অধ্যক্ষ নাসরিন নাহার বলেন, প্রতিষ্ঠানটি উত্তরোত্তর সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। প্রতিষ্ঠানটির ভৌত কাঠামোর ব্যাপক উন্নয়ন হয়েছে ও ফলাফলের দিক থেকেও প্রতিষ্ঠানটি শীর্ষে রয়েছে। এ প্রতিষ্ঠান দেশের অভিভাবক সমাজ ও সুবীজনের প্রশংসা লাভ এবং সবার মনোযোগ আকর্ষণ করতে সমর্থ হয়েছে। এ কারণে যে, এখানে লেখাপড়ার সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বিদ্যমান। এ বছর সেপ্টেম্বর মাস থেকে কলেজ শাখার আলাদা কার্যক্রম শুরু হয়েছে। শিগগির গার্হস্য অর্থনীতি, সমাজবিজ্ঞান, ন্যূ-বিজ্ঞান, ইতিহাস, ইসলাম শিক্ষা, ইসলামের ইতিহাস, প্রাণবিদ্যা, ও উভিদি বিজ্ঞানে অনার্স কোর্স চালু হবে। মিরপুর গার্লস আইডিয়াল কলেজের পরিচালনা পরিষদের সভাপতি ইলিয়াস উদ্দিন মোল্লা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষা খাতকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন। এ জন্য ২০৪১ রূপকল্প বাস্তবায়নে সরকার অ্যানালগ পদ্ধতি পরিবর্তন করে ডিজিটাল শিক্ষা খাত গড়ে তোলার কাজকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তিনি আরও বলেন, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, লেখাপড়া করে যে গাড়ি ঘোড়ায় চড়ে সে। আর আমি বলি, লেখাপড়া করে যে ভালো মানুষ হয় সে। দক্ষ পোশাজীবী তৈরির লক্ষ্যে মিরপুর গার্লস আইডিয়াল কলেজ কর্তৃপক্ষ অক্লান্ত পরিশ্রম ও চেষ্টা অব্যাহত রেখেছেন; যাতে শিক্ষাজীবন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরা কর্মজীবনে প্রবেশ করতে পারেন।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম